



064

**প্রাথমিক শিক্ষক সমিতির পাকশী**

**মহাসম্মেলন সফল করার উদ্যোগ**

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির বিশ বছরপূর্তি উৎসবের উদ্বোধনী দিবস ২৮ শেখ পঃ ৩-এর কঃ দেখুন

**প্রাথমিক শিক্ষক**

প্রথম পৃষ্ঠার পর

পাকশী মহাসম্মেলনকে সফল করার জন্য ঢাকা মহানগরীতে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে ঢাকা মহানগরীর সমিতির ৭টি কর্মী সভা সম্পন্ন হয়েছে। গতকাল লালবাগ ও তেজগাঁ থানা শিক্ষক সমিতির দুটি কর্মী সভা অনুষ্ঠিত হয়। লালবাগ থানায় জনাব হেলাল উদ্দিনের সভাপতিত্বে ভাষণ দেন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক কাজী ফজলুল হক ও আফজাল হোসেন।

তেজগাঁ থানায় সুফিয়া বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ঢাকা মহানগরীর সাধারণ সম্পাদক মুহাঃ ওয়াহিদুজ্জামান মিয়া, সাহিত্য সম্পাদক আলতাফ হোসেন, মহানগরী সমিতির দফতর সম্পাদক বি. এম. আসাদুল্লাহ নূর উদ্দিন আহমেদ, দীন মোহাম্মদ ও ছায়া বাণী বক্তৃতা করেন।

বক্তৃতা মহানগরীর শিক্ষকদের দাবী আদায়ের প্রক্রিয়াকে জোরদার করার লক্ষ্যে পাকশী সমাবেশে যোগদানের জন্য মহানগরীর প্রাথমিক শিক্ষকদের প্রতি আহবান জানান। সংবাদ বিজ্ঞপ্তির।

নেতৃত্বে পাকশীতে আহূত প্রাথমিক শিক্ষকদের মহাসম্মেলনকে সফল করার জন্য সারা দেশব্যাপী ব্যাপক তৎপরতা চলছে। সমিতির সিনিয়র সহ-সভাপতি মাইফজল হক ভূঁইয়ার নেতৃত্বে উত্তরবঙ্গে এবং যুগ্ম সম্পাদক আবদুস সালাম চাকলাদার ও অর্থ সম্পাদক সিরাজুল হক ভূঁইয়ার নেতৃত্বে দক্ষিণবঙ্গে সমিতির নেতৃত্ব সফররত আছেন। নেতৃত্ব ১৪টি নির্ধারিত ও বহু অনির্ধারিত কর্মী সভায় ভাষণ দেবেন।

সমিতির সহ-সভাপতি হাবিবুর রহমান খুলনা অঞ্চলে, আবু-তাহের পাটোয়ারী কুমিল্লা অঞ্চলে, যুগ্ম সম্পাদক নুরুল আফসার চট্টগ্রাম অঞ্চলে, সহ-সম্পাদক সিদ্দিকুর রহমান ময়মনসিংহ অঞ্চলে ও সিনিয়র সহ-সভাপতি মকবুল হোসেন জামালপুরে দৃঢ়তার সাথে কর্মতৎপরতা চালিয়ে যাচ্ছেন।